অর্থনীতি

# হিজড়া সম্প্রদায়ের জন্য আরেকটি সুখবর

**নিজস্ব প্রতিবেদক** ঢাকা



শেরপুর সদর উপজেলার কামারিয়া ইউনিয়নের আন্ধারিয়া সুতিরপাড় গ্রামের হিজড়া সম্প্রদায়ের সদস্যরা। *ফাইল ছবি : প্রথম আলো*

তৃতীয় লিঙ্গ বা হিজড়া সম্প্রদায়ের জন্য আরেকটি সুখবর। এই জনগোষ্ঠীর আত্মমর্যাদা ও সম্মানজনক সামাজিক জীবনযাপন নিশ্চিত করার লক্ষ্যে কাজ করছে বন্ধু সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি। এটি সম্পূর্ণ বেসরকারি সংস্থা। এই সংস্থার বাড়িভাড়ার ওপর মূল্য সংযোজন কর (মূসক) বা ভ্যাট প্রত্যাহার করা হয়েছে।

বর্তমানে যেকোনো স্থাপনাভাড়ার ওপর ১৫ শতাংশ হারে ভ্যাট আছে। বন্ধু সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটিকে এখন তাদের যেকোনো স্থাপনাভাড়ার ওপর ভ্যাট দিতে হবে না। এতে খরচ কমবে সংস্থাটির। সম্প্রতি জাতীয় রাজস্ব বোর্ড

(এনবিআর) এ-সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করেছে। আর সাধারণত কোনো বিশেষ শ্রেণির সংস্থা কর ছাড় পেলে পরবর্তীকালে একই ধরনের অন্য সংস্থাগুলোও কর ছাড় পায়।

বিজ্ঞাপন

গত বাজেটেও তৃতীয় লিঙ্গের মানুষের জন্য কর-সুবিধা দেওয়া হয়েছে। সেবার এই প্রথম তৃতীয় লিঙ্গের করদাতাদের জন্য করমুক্ত আয়সীমায় ছাড় দেওয়া হয়। তাদের করমুক্ত আয়সীমা তিন লাখ টাকা থেকে বাড়িয়ে সাড়ে তিন লাখ টাকা করা হয়।

গত বাজেটে তৃতীয় লিঙ্গের মানুষকে চাকরি দিলে প্রতিষ্ঠানের করপোরেট করে ছাড় দেওয়ার ঘোষণা দেওয়া হয়। কোনো প্রতিষ্ঠান তাদের জনবলের ১০ শতাংশ বা কমপক্ষে ১০০ জন কর্মী তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠী থেকে নিয়োগ দিলে করপোরেট করে ৫ শতাংশ ছাড় বা ওই কর্মীদের পরিশোধিত বেতনের ৭৫ শতাংশ—এই দুইয়ের মধ্যে যেটি কম, তা প্রযোজ্য হবে।

সম্প্রতি বেশ কিছু খ্যাতনামা প্রতিষ্ঠানে তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠী থেকে নিয়োগ দেওয়া হয়েছে। এর মধ্যে ব্র্যাকের মতো প্রতিষ্ঠানও আছে। এ ছাড়া তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠী থেকে দেশের প্রথম সংবাদ পাঠিকা হিসেবে দুজনকে বেসরকারি স্যাটেলাইট টেলিভিশন চ্যানেলে নিয়োগ দেওয়া হয়। এ ছাড়া বিভিন্ন প্রতিষ্ঠানেও এই জনগোষ্ঠী থেকে নিয়োগ দেওয়া হচ্ছে।

prothomalo.com

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২২ প্রথম আলো